



## 125918 - কারখানার উৎপাদিত পণ্য ও উৎপাদনে ব্যবহৃত কাঁচামালারে উপর যাকাত ওয়াজবি

### প্রশ্ন

আমার সাবান তরৈরি একটি কারখানা আছে। এর পুঁজি হলো: ১. কিছু স্থায়ী সম্পদ যথা: বলিডিং, জমি, যন্ত্রপাতি, উপকরণ ও গাড়ি। ২. অপ্রক্রিয়াজাত কাঁচামালারে মজুদ। ৩. বাজারজাতকরণের জন্য প্রস্তুত পণ্যের মজুদ। ৪. ব্যাংকরে কিছু চলতি ব্যালেন্স। আমার প্রশ্ন হলো: এই কারখানার যাকাত কীভাবে আদায় করতে হবে (আপনাদের কাছে অনুরোধ, বিস্তারিত ও স্পষ্ট জবাব দিবেন)

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

#### এক:

স্বর্ণ, রৌপ্য ও নগদ অর্থে যাকাত ওয়াজবি। অনুরূপভাবে ব্যবসার পণ্য, গবাদিশু এবং যমীন থেকে উৎপাদিত ফসলেও যাকাত ওয়াজবি।

বলিডিং, যন্ত্রপাতি ও জমির উপর যাকাত ওয়াজবি হয় না; যদি না সগেলোকে বক্রি করার জন্য প্রস্তুত করা হয়।

সুতরাং আপনি যে স্থায়ী মূলধনের মালিক, সগেলোর উপর যাকাত নাই। সগেলো হলো: বলিডিং, জমি, যন্ত্রপাতি, উপকরণ ও গাড়ি।

আর বাজারজাতকরণের জন্য প্রস্তুত উৎপাদিত পণ্যে যাকাত আবশ্যিক হবে। অনুরূপভাবে কাঁচামালেও আবশ্যিক হবে। কারণ এটি পণ্য তরী করা ও ব্যবসার উদ্দেশ্যে কনো হয়েছে। এগুলোর যাকাত আদায় করার পদ্ধতি হলো: বর্ষপূর্তির সময় উৎপাদিত পণ্যের ও কাঁচামালারে বাজার মূল্য নির্ধারণ করা। তারপর সেই মূল্যের এক-চল্লিশাংশ (২.৫%) যাকাত হিসেবে প্রদান করা।

#### দুই:

ব্যাংকরে ব্যালেন্সের উপরও যাকাত ওয়াজবি হবে। বর্ষপূর্তির সময় ব্যাংকরে ব্যালেন্স চকে করে আপনি এর যাকাত দিবেন। এতে ওয়াজবি হবে এর এক-চল্লিশাংশ (২.৫%) প্রদান করা।



অনুরূপভাবে অন্যদরে কাছে আপনার য়ে ঋণ প্ৰাপ্য আছে, তারা যদা সয়ে ঋণ স্বীকার করে, প্ৰদান করতে প্ৰস্তুত থাকে, অর্থাৎ অস্বীকার না করে এবং অস্বচ্ছল না হয়, তাহলে বর্ষপূর্তি হলে আপনি এ সম্পদরেও যাকাত প্ৰদান করবেন।

আর আপনার কাছে অন্যদরে প্ৰাপ্য য়ে ঋণ আছে সয়ে ঋণরে ব্যাপারে অগ্রগণ্য মত হলো: এ ঋণ যাকাতকে প্ৰভাবতি করবে এবং যাকাতরে অর্থ থেকে এ ঋণকে হ্রাস করা হবে না।

আল্লাহ সর্বজ্ঞঃ।